

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৭৫

১/ বিবিধ

আরবী

من أصبح لا ينوي ظلم أحد غفر الله له ما جنى
ضعيف جدا

رواه أبو حفص الكتاني في " جزء من حديثه " (2 / 142) : حدثنا أبو نصر حبشون بن موسى الخلال حدثنا عبد الله بن أيوب حدثنا داود بن المحبر حدثنا هياج بن بسطام عن إسحاق بن مرة عن أنس بن مالك مرفوعا. ورواه ابن الأعرابي في " معجمه " (2 / 191) : أخبرنا عبد الله بن أيوب به. ومن طريق ابن الأعرابي رواه القضاعي (1 / 36) ورواه الخطيب في " تاريخه " (325 / 3) من طريق محمد بن مصعب عن الهياج بن بسطام به. وهذا سند ضعيف جدا، إسحاق بن مرة، قال أبو الفتح الأزدي: " متروك الحديث ". وهياج بن بسطام متروك الحديث أيضا كما قال أحمد وغيره. لكنه قد توبع فأخرجه الأزدي من طريق عيينة بن عبد الرحمن عن إسحاق بن مرة به. لكن قال الحافظ في " اللسان ": " وعيينة ضعيف جدا

বাংলা

১৮৭৫। যে এমতাবস্থায় সকাল করল যে, সে কারো উপর অত্যাচার করার নিয়্যাত করেনি। আল্লাহ তা'আলা তাকে সে যা অপরাধ করেছিল তা ক্ষমা করে দিবেন।

হাদীসটি খুবই দুর্বল।

এটিকে আবু হাফস কাত্তানী "জুযউ হাদীসহি" গ্রন্থে (২/১৪২) আবু নাসর হাবশুন ইবনু মূসা খাল্লাল হতে, তিনি

আবদুল্লাহ ইবনু আইউব হতে, তিনি দাউদ ইবনুল মুহাব্বার হতে, তিনি হাইয়্যাজ ইবনু বিসতাম হতে, তিনি ইসহাক ইবনু মুররাহ হতে, তিনি আনাস ইবনু মালেক (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

এটিকে ইবনুল আরাবী তার “মু'জাম” গ্রন্থে (২/১৯১) আবদুল্লাহ ইবনু আইউব হতে বর্ণনা করেছেন। আর ইবনুল আরাবীর সূত্র হতে কাযাঈ (১/৩৬) হাদীসটিকে বর্ণনা করেছেন। আর খাতীব তার “তারীখ” গ্রন্থে (৩/৩২৫) মুহাম্মাদ ইবনু মুসয়াব সূত্রে হাইয়্যাজ ইবনু বিসতাম হতে বর্ণনা করেছেন।

এ সনদটি খুবই দুর্বল। ইসহাক ইবনু মুররাহ সম্পর্কে আবুল ফাতহ আযদী বলেনঃ তিনি মাতরুকুল হাদীস। আর হাইয়্যাজ ইবনু বিসতামও মাতরুকুল হাদীস যেমনটি আহমাদ প্রমুখ বলেছেন।

তবে তার মুতাবায়াত করা হয়েছে। আযদী ওয়াইনাহ ইবনু আব্দুর রহমান সূত্রে ইসহাক ইবনু মুররাহ হতে বর্ণনা করেছেন। কিন্তু হাফিয ইবনু হাজার “আললিসান” গ্রন্থে বলেনঃ ওয়াইনাহ খুবই দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72758>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন